# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সাত রাকাত বিতর সালাত আদায় করবে তখন তা কিভাবে আদায় করবে তার বর্ণনা

ذِكْرُ وَصْفِ وِتْرِ الْمَرْءِ إِذَا أَوْتَرَ بِسَبْعِ ركعات

আরবী

2432 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ: أَنَّ عَائِشَةَ سُئِلت عَنْ وِتْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: كُنَّا نُعِدُّ لَهُ سِواكَهُ وَطَهُورَهُ فَيَبْعَثُهُ اللَّهُ لِمَا شَاءَ أَنْ يَبْعَثَهُ مِنَ اللَّيْلِ فَيَتَسَوَّكُ وَيَتَوَضَّأُ ثُمَّ يُصَلِّي سَبْعَ رَكَعَاتٍ وَلَا يَجْلِسُ فِيهِنَّ إِلَّا عِنْدَ السَّادِسَةِ فَيَجْلِسُ وَيَذْكُرُ اللَّهَ وَيَدْعُو.

الراوي : سَعْد بْن هِشَامٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2432 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 33)، ((صحيح أبي داود)) (1213) م: مطولاً، والآتي بعده بعض منه.

বাংলা

২৪৩২. সা‘দ বিন হিশাম থেকে বর্ণিত, তিনি বলেন, “আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিতর সালাত সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, “আমরা তাঁর জন্য মিসওয়াক ও ওযূর পানি প্রস্তত করে রাখতাম। অতঃপর আল্লাহ যখন ইচ্ছা করেন, তখন তাঁকে রাতে জাগ্রত করেন। অতঃপর তিনি মিসওয়াক করেন এবং ওযূ করেন। তারপর সাত রাকা‘আত সালাত আদায় করেন। সেখানে তিনি ষষ্ঠ রাকা‘আত ব্যতিত আর কোথাও বৈঠক করতেন না। তিনি ষষ্ঠ রাকা‘আতে বসে আল্লাহকে স্মরণ করতেন এবং দু‘আ করতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭৮; মুসনাদ আহমাদ: ৬/৫৩-৫৪; আবূ আওয়ানা: ২/৩২৩-৩২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন